



Daniel Scanlon
Principal

John Adams High School
A CEI-PEA School
Rockaway Boulevard and 102nd Street
Ozone Park, New York 11417



ফোন (718) -322-0500
ফ্যাক্স 718-738-9077

২৭ ফেব্রুয়ারি, ২০১৫

জন অ্যাডামস স্কুলের স্কুলভিত্তিক নীতি স্কুলের সম্পত্তিতে সেলফোন, কমপিউটিং ডিভাইস এবং বহনযোগ্য মিউজিক ও এনটারটেইনমেন্ট সিস্টেম ব্যবহার

শিক্ষার্থীদের নিচে উল্লিখিত জিনিসগুলো স্কুলে আনার অনুমতি রয়েছে: 1) সেল ফোন; 2) ল্যাপটপ, ট্যাবলেট, আইপ্যাড এবং অন্য একই ধরনের ডিভাইস (“কমপিউটিং ডিভাইস”); এবং 3) বহনযোগ্য মিউজিক ও এনটারটেইনমেন্ট সিস্টেম (যেমন আইপড, এমপিথ্রি প্লেয়ার্স, পিএসপি এবং নিনটেনডো ডিএস)।

সেলফোন, কমপিউটিং ডিভাইস, এবং বহনযোগ্য মিউজিক ও এনটারটেইনমেন্ট সিস্টেম স্কুলে নিয়ে আসার শর্ত নিচে দেয়া হয়েছে যা চ্যান্সেলরের প্রবিধান A-413 এর সঙ্গে সঙ্গতিপূর্ণ।

- স্কুলের সম্পত্তিতে থাকাকালে সেলফোন, কমপিউটিং ডিভাইস এবং বহনযোগ্য মিউজিক ও এনটারটেইনমেন্ট সিস্টেম চালু করা বা ব্যবহার করা যাবে না।
- এসব ডিভাইস অর্থাৎ সেল ফোন, কমপিউটিং ডিভাইস, এবং বহনযোগ্য মিউজিক এবং এনটারটেইনমেন্ট সিস্টেম লকার রুম অথবা বাথরুমেও ব্যবহার করা যাবে না।
- সেলফোন এবং বহনযোগ্য মিউজিক এবং এনটারটেইনমেন্ট সিস্টেম কোন স্কুল কুইজ, টেস্ট অথবা পরীক্ষার সময় ব্যবহার বা বাজানো যাবে না।
- স্কুলে ফায়ার ড্রিল অথবা অন্য কোন জরুরি প্রস্তুতির মহড়া চলাকালেও সেলফোন, কমপিউটিং ডিভাইস এবং বহনযোগ্য মিউজিক এবং এনটারটেইনমেন্ট সিস্টেম চালানো বা ব্যবহার করা যাবে না।
- যেসকল শিক্ষার্থী ডিওই-র শৃঙ্খলা বিধি, স্কুল নীতি, চ্যান্সেলরের প্রবিধান A-413, এবং/অথবা ডিওই-র গ্রহণযোগ্য ইন্টারনেট ব্যবহার এবং সুবক্ষা নীতি (“আইএইউএসপি”) লঙ্ঘন করে সেলফোন, কমপিউটিং ডিভাইস এবং/অথবা বহনযোগ্য মিউজিক এবং এনটারটেইনমেন্ট সিস্টেম ব্যবহার করে তারা শৃঙ্খলা বিধিতে নির্ধারিত গাইডেন্স মধ্যস্থতা এবং শৃঙ্খলাজনিত যেসব নিয়মনীতি রয়েছে সেই অনুযায়ী শৃঙ্খলা লঙ্ঘনের শাস্তি লাভ করবে।

সংজ্ঞা:

- **স্কুল দিবস:** স্কুল দিবসের অন্তর্ভুক্ত, তবে এতেই সীমাবদ্ধ নয়, স্কুলের আগে ও পরে, ক্লাসের সময়, পাসিং পিরিয়ড, লাঞ্চ পিরিয়ড, আফটার স্কুল ডিটেনশন অথবা টিউটোরিয়াল, ইমার্জেন্সি ড্রিল, পাঠক্রমবহির্ভূত অনুশীলন এবং মার্চ সফর।
- সেলফোন ভাইব্রেটে রাখা বন্ধ বলে বিবেচিত হয় না এবং নিষিদ্ধ।
- সেলফোন, বা টেক্সট করা, রেকর্ড করা বা ছবি তোলায় জন্য অন্য কোন ডিভাইস ব্যবহার নিষিদ্ধ।

স্কুলভিত্তিক নীতির বরখেলাফ ইলেকট্রনিক ডিভাইস জব্দকরণ এবং শাস্তিমূলক ব্যবস্থার কারণ হতে পারে যার অন্তর্গত, তবে এতেই সীমিত নয়, সতর্কীকরণ, পিতামাতা/অভিভাবক বৈঠকের পর প্রত্যাবর্তন এবং/অথবা স্কুলে সাস্পেন্ডিগীটি নিয়ে আসার সুবিধা বাতিল।

স্কুলের ভেতরে নিয়ে আসা সব ইলেকট্রনিক ডিভাইস স্কুল সেফটি স্ক্যান ও এক্স-রে স্ক্রিন করবে।

জন অ্যাডামস হাই স্কুল স্কুলের সম্পত্তিতে নিয়ে আসা ইলেকট্রনিক ডিভাইস চুরি গেলে, খোয়া গেলে, বা নষ্ট হলে, এবং অপরাধমূলক কার্যক্রম বলে বিবেচিত হতে পারে স্কুলের সম্পত্তিতে এমন অননুমোদিত কল, টেক্সট বা ছবির দায় থেকে নিজেকে বেহাই দিচ্ছে।